

2024-25

VOLUME - 5



GEOSPHERE



ANNUAL MAGAZINE

DEPARTMENT OF GEOGRAPHY
BARASAT GOVERNMENT COLLEGE

অধ্যক্ষের কলমে ...

জিওস্ফিয়ার, খণ্ড ৫ (২০২৪-২৫)

ভূগোল বিভাগ, বারাসাত সরকারি মহাবিদ্যালয়

ভূগোল বিভাগের বাৎসরিক প্রকাশনা *জিওস্ফিয়ার* এর পঞ্চম খণ্ড (২০২৪-২৫) পাঠকদের কাছে উপস্থিত হতে চলেছে জানতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। বিগত বছরের ন্যায় এই সংখ্যাটিও আমাদের মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জ্ঞানতৃষ্ণা ও শিক্ষামূলক আগ্রহের এক উজ্জ্বল নিদর্শন, যেখানে তারা বিভিন্ন ভৌগোলিক বিষয়ে গবেষণালব্ধ ও চিন্তাশীল প্রবন্ধ ও লেখনী উপস্থাপন করেছে।

এই সংখ্যার লেখাগুলি তাত্ত্বিক বিশ্লেষণের পাশাপাশি ক্ষেত্রভিত্তিক পর্যবেক্ষণকে গুরুত্ব দিয়েছে, যা আমাদের মহাবিদ্যালয়ের শিক্ষামূলক পরিবেশে গড়ে ওঠা বিশ্লেষণী দক্ষতা এবং গবেষণামূলক মনোভাবকে প্রতিফলিত করে। সুন্দরবনের জীববৈচিত্র্য, আমাজন অরণ্য, ভৌমজল, ও বায়ুমণ্ডলীয় বিজ্ঞানের মতো সমসাময়িক বিষয় নিয়ে ছাত্রছাত্রীদের গভীর বিশ্লেষণ ও সচেতন মনোভাব সত্যিই প্রশংসনীয়।

আমি ভূগোল বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা ও সম্পাদকমন্ডলীর সকল সদস্যদের শুভেচ্ছা ও অভিনন্দন জানাই, যাদের ধারাবাহিক ও আন্তরিক পরিশ্রম এই সংখ্যাটিকে সমৃদ্ধ করেছে। বিশেষ করে, অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের অভিনন্দন জানাই, তাদের মৌলিক চিন্তা ও নিষ্ঠা আমাদের মহাবিদ্যালয়ের প্রাণবন্ত শিক্ষামূলক পরিবেশের প্রমাণ।

আশা করি *জিওস্ফিয়ার* ভবিষ্যতেও ছাত্রছাত্রীদের চিন্তাশীলতা ও সৃজনশীলতাকে উদ্ভুদ্ধ করে তুলবে।

ড. সমর চট্টোপাধ্যায়

অধ্যক্ষ

বারাসাত সরকারি মহাবিদ্যালয়।

Preface

It gives me immense pleasure to present this edition of our departmental magazine, 'GEOSPHERE' for the academic session 2024-25, a modest yet meaningful platform where our students have poured their hearts and intellect into researchful and well-articulated articles. Each page reflects their curiosity, creativity, and commitment to academic pursuit. This magazine may appear to be a small stage today, but I am confident that the ideas nurtured here will one day resonate on greater platforms.

Though I have only had a glimpse of the content so far, it already fills me with joy and pride. I look forward to reading each article in depth - perhaps in a quiet corner amidst the serenity of nature - where I can truly absorb the thoughts of our young generation. I believe I will learn many new and insightful things from their perspectives, ideas and innovative expressions. All credit for this wonderful initiative goes to our sincere students and our dedicated mentor teachers, whose guidance and encouragement have helped shape this compilation.

I take this opportunity to acknowledge and extend my heartfelt gratitude to two of our most important mentors, Dr. Balai Chandra Das and Dr. Suchitra Ray, for their consistent involvement and mentorship. Moreover, I would also like to recognize the significant support and presence of other esteemed dignitaries, Dr. Susanta Pramanik Dr. Shrabana Mazumder, and Dr. Jaydip De.

Let this magazine be a mirror of our department's collaborative spirit and the vibrant potential of our students. May it inspire many more such endeavors in the years to come.

Bidyut Pramanik

Head of the Department

Department of Geography

ABOUT THE DEPARTMENT

The cultural heritage of Barasat is very rich and the light of the Bengal Renaissance has also touched its soil. Bankim Chandra Chatterjee, the renowned author and composer of the National Song of India, was the first Indian Deputy Magistrate of this town. Stalwarts like Ishwar Chandra Vidyasagar, Peary Charan Sarkar, and Kalikrishna Mitra were known for undertaking several social reformative actions in Barasat, including the development of education, especially women's education. A direct result of these events was the setting up of the first private school for girls in Bengal in 1847 by Kalikrishna Mitra with the help of Peary Charan Sarkar. Barasat Government College inherits this glorious cultural past. However, the College owes its birth to a historical disaster - the partition of Bengal and the consequent deluge of displaced people into a border state. A substantial section of the uprooted masses depended on formal education for their very subsistence and in 1950 the State Government selected the town of Barasat as the location for a new college.

The Department of Geography of Barasat Government College was established in the year 1996 for teaching Honours course under the University of Calcutta, later affiliated to West Bengal State University since 2008. The teachers are competent to teach different branches of Geography including Geographical Information System and Remote Sensing.

EDITORIAL BOARD

Dr. Bidyut Pramanik

Associate Professor

Department of Geography

Barasat Govt. College

Dr. Balai Chandra Das

Associate Professor

Department of Geography

Barasat Govt. College

Dr. Shrabana Mazumder

Assistant Professor

Department of Geography

Barasat Govt. College

Dr. Susanta Pramanik

Assistant Professor

Department of Geography

Barasat Govt. College

Dr. Suchitra Ray

Assistant Professor

Department of Geography

Barasat Govt. College

Dr. Jaydip De

Assistant Professor

Department of Geography

Barasat Govt. College

➤ **Typesetter :-**

MEDHADIPTA BAIDYA

ROLL NO. - 2245009

B.SC. HONS. IN GEOGRAPHY

BARASAT GOVT. COLLEGE



➤ **Front & Back covers :-**




SUDIPTA BAIRAGI

ROLL NO. – 2245033

B.SC. HONS. IN GEOGRAPHY

BARASAT GOVT. COLLEGE



CONTENT

1.	Does The “Magnum Opus” Goal Of Roberto Carlos Defy Science? Busting Myth Via Physics And Atmospheric Science - Bidyut Pramanik	1-4
2.	ভবিষ্যতে হারিয়ে যেতে পারে “ম্যানগ্রোভ বনভূমি” - আমিনা সিদ্দিকা	5-9
3.	Wind - Taosif Laskar	10
4.	সুন্দরবনের হারিয়ে যাওয়া প্রাণীগুলি - গোপাল কুন্ডু	11-13
5.	South Asia's Brown Clouds: A Growing Climate Crisis - Riyanka Paul	14-19
6.	সুন্দরবনবাসীর জনজীবন - কল্লোলিকা মন্ডল	20-23
7.	Life Lines Of India - Sristi Bose	24-27
8.	বিলুপ্তির অন্ধকারে সুন্দরবনের রয়্যাল বেঙ্গল টাইগার - নাফিসা খাতুন	28-30
9.	Physio Cultural Diversity In India - Amina Siddika, Sayandip Karan	31-34
10.	দৈন্যপীড়িত ধরিত্রী - সায়নদীপ করণ	35-42
11.	Uprooted By The Climate - Aritra Mondal	43-46
12.	স্বার্থপর সমাজ - তৃষা হালদার	47-48
13.	শিরোনাম: দার্জিলিং — মেঘে ঢাকা পাহাড়ি রানীর ভূগোল ও জীবন - রাইমা বসাক	49-50
14.	ভূগর্ভস্থ জল ও ঋষি বেদব্যাসের প্রজ্ঞা: কুরুক্ষেত্র যুদ্ধের প্রেক্ষাপটে এক বিশ্লেষণ - বলাই চন্দ্র দাশ	51-54
15.	Let's Explore Amazone Rain Forest - Deeya Brahma	55-66

Does the “Magnum opus” Goal of Roberto Carlos defy science?

Busting myth via Physics and Atmospheric Science

Bidyut Pramanik

Department: Geography

Barasat Government College

Introduction:

"What if the Earth didn't rotate? Hurricanes wouldn't spin, and perhaps, neither would Roberto Carlos's left foot." With this geographer's quip, we land not in the realm of tectonics or trade winds, but on a football pitch in Lyon, France, in 1997. The stage was the opening match of the friendly tournament “Tournoi de France”, and the moment was the now-legendary free-kick by Brazilian footballer Roberto Carlos against France. To the untrained eye, it was magic. To many people it could be due to Earth's rotation. To the geographer and physicist, it was nothing but the Magnus effect in full throttle without having any effect from the rotation of Earth.

This article dives deep into the classical Roberto Carlos goal - unpacking not only the physics behind the breathtaking curve of the ball but also the subtle, often overlooked, influence of geographical factors on such phenomena.

The Goal: A Classical Curvature

On June 3, 1997, from a seemingly unthreatening 35-meter distance, Roberto Carlos struck the ball slightly right with his trademark left foot. The ball initially veered far to the right, almost suggesting it was off-target, only to viciously curving back left and smashing into the net, completely outfoxing French goalkeeper Fabien Barthez.

Key facts of the goal:

- **Distance:** ~35 meters
- **Initial angle:** ~20 degrees right of the goalpost
- **Ball speed:** Estimated ~137 km/h (38.05 m/s)
- **Spin:** Counter-clockwise (from a top view)
- **Result:** A goal that baffled viewers, players, and even scientists

The goal was so dramatic in its deflection that it led to studies and simulations in physics journals. It was not merely a

display of skill but a perfect real-world demonstration of fluid dynamics.

The Science of the Spin: Magnus Effect

The curving of the ball is best explained by the Magnus effect, named after German physicist Heinrich Gustav Magnus. The effect describes the force exerted on a spinning object moving through a fluid (in this case, air). When Roberto Carlos kicked the ball, he imparted both linear velocity and a strong counter-clockwise spin seen from the top. Due to this spin, the air on one side of the ball moved faster relative to the air on the opposite side. According to Bernoulli's principle, faster-moving air reduces pressure. This created a pressure difference across the ball. This imbalance caused the ball to curve left mid-flight.

Magnus Force Formula:

$$F_m = S(\omega \times v)$$

Where F_m is the Magnus force vector, S is the air resistance coefficient across the surface of the ball, ω is the angular velocity vector of the ball and v is the velocity of the fluid (air). This lateral force acts perpendicular to the direction of motion, hence the dramatic curve [1,2,3].

The Geography of the Goal: Can the Earth Play a Part?

Now we enter our domain: geography. While physics gave us the "how," geography helps us ask, "Could the *where* influence the *how much*?"

1. Altitude and Air Density

- Lyon, France is around 200 meters above sea level, offering moderate air density.
- At higher altitudes (e.g., Mexico City, ~2,250 m), air is thinner, reducing drag and the Magnus effect. The ball would curve less.
- At sea level (e.g., Amsterdam), denser air means more interaction with the spinning ball, increasing curvature.

2. Temperature and Humidity

- Warmer, more humid air is less dense than cold, dry air.
- On that summer day in Lyon, warm air would have slightly decreased air resistance, aiding in longer travel but slightly reducing Magnus force.

3. Wind and Microclimates

- Wind patterns in open stadiums can enhance or diminish the curve.

- In geographical terms, valley locations may channel wind that interacts with the trajectory.

4. Coriolis Effect (Earth's Rotation)

- Often confused with Magnus, the Coriolis effect acts on large-scale motion like ocean currents or long-range missiles.
- For a 35-meter shot, Coriolis effect is negligible, but its conceptual similarity to the Magnus force makes it an interesting talking point [3,4].

Interdisciplinary Insights

This goal became a case study in various disciplines:

- Fluid dynamics journals modeled the trajectory.
- Geographers explored how location affects the nature of such shots.
- Mathematicians simulated similar trajectories using non-linear differential equations.

In fact, French physicists Chauvin and Blondel published a paper in "Physics of Fluids" using a computer model to replicate Carlos's goal, confirming that under the right spin-speed-distance combo, the curve is not only possible but predictable.

Concluding with a Curve: Questions That Still Spin

So, was Roberto Carlos a physicist in disguise? Or simply a master of technique that aligned perfectly with natural laws?

Either way, the goal remains a testament to how deeply science hides in sports, and how geography, often relegated to the sidelines, whispers through air pressure, temperature, and terrain.

Other real-world examples of similar physics:

- Baseball curveballs and cricket swing bowling
- Frisbee throws and tennis topspins
- Golf ball trajectories affected by altitude and weather

Questions to ponder:

- Would Carlos's goal have bent the same way in the thin air of La Paz?
- Could an urban canyon, like a stadium in New York, intensify or disrupt such curvature?
- Does this give geography teachers an excuse to bring footballs into the classroom?

As we spin toward the end, remember:

"Geography isn't just about maps and capitals. Sometimes, it's about how a ball behaves in mid-air."And that, perhaps, is the most beautiful goal geography can ever score.

References:

[1] Bray, K., & Kerwin, D. G. (2003). Modelling the flight of a soccer ball in a direct free kick. *Journal of Sports Sciences*, 21(2), 75–85.

[2] Dupeux, G., Le Goff, A., & Quéré, D. (2011). Football curves. *Journal of Fluids and Structures*, 27(5–6), 659–667.

[3] Mehta, R. D. (1985). Aerodynamics of sports balls. *Annual Review of Fluid Mechanics*, 17, 151–189.

[4] Watts, R. G., & Ferrer, R. (1987). The lateral force on a spinning sphere: Aerodynamics of a curveball. *American Journal of Physics*, 55(1), 40–44.



ভবিষ্যতে হারিয়ে যেতে পারে “ম্যানগ্রোভ বনভূমি”

আমিনা সিদ্দিকা

চতুর্থ অর্ধবর্ষ

ভূগোল বিভাগ

বারাসাত গভর্নেন্ট কলেজ

সারাংশ: বঙ্গোপসাগরের বদ্বীপে অবস্থিত বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্য হল সুন্দরবন। যা ভারত ও বাংলাদেশ মিলিয়ে প্রায় ১০,০০০ বর্গকিমি অংশ জুড়ে বিস্তৃত। সুন্দরবন তার অনন্য বাস্তুতন্ত্র, সমৃদ্ধ জীববৈচিত্র্য এবং নান্দনিক সৌন্দর্যের কারণে বিখ্যাত। ১৯৮৬ সালে UNESCO কর্তৃক ওয়ার্ল্ড হেরিটেজ সাইট-এর খেতাব পায় সুন্দরবন। কিন্তু বর্তমানে বিশ্ব উষ্ণায়নের ফলে সমুদ্র জলতলের বৃদ্ধি, জলবায়ুর পরিবর্তন এবং সর্বোপরি অবিবেচক মানবীয় কার্যাবলীর ফলে ধীরে ধীরে ধ্বংসের মুখে অগ্রসর হচ্ছে। সেই সাথে হারিয়ে চলেছে সুন্দরবনের ঐতিহ্যবাহী জীববৈচিত্র্য।

ভূমিকা: প্রায় ১০ হাজার বর্গ কিমি অঞ্চল জুড়ে বিস্তৃত সুন্দরবন, গঙ্গা, পদ্মা ও মোহনার বদ্বীপ অঞ্চল। যার মধ্যে ৪২৬০

বর্গ কিমি ভারতের এবং ৬০১৭ বর্গ কিমি এলাকা



বাংলাদেশের অন্তর্ভুক্ত। ভারতে অবস্থিত সুন্দরবনের অংশ পশ্চিমে মুড়িগঙ্গা নদী এবং পূর্বে রাইমঙ্গল নদী দ্বারা আবদ্ধ। সুন্দরবন নামকরণ হয়েছে 'সুন্দরী' (Heritiera Fomes) গাছ থেকে। অনন্য সব প্রজাতির বাসভূমি রূপে সুন্দরবনের তাৎপর্য অপরিসীম। সুন্দরবন পৃথিবীর একমাত্র অঞ্চল যেখানে বাঘের আদিবাসী প্রজাতি *The Royal Bengal Tiger* পাওয়া যায়। এখানকার ম্যানগ্রোভ অরণ্য সামুদ্রিক ঝড়, জলোচ্ছ্বাস, ভূমিকম্প প্রভৃতি থেকে

প্রতিনিয়ত উপকূল অঞ্চলকে রক্ষা করে চলেছে এবং বজায় রেখেছে অনন্য সুন্দর এই বাসভূমিকে। সহস্রাব্দ ধরে প্রাকৃতিকভাবে নদীবাহিত পলি জমাট করণের ফলে গঠিত হয় সুন্দরবন যা ছোট বড় মোট ১২০ টি দ্বীপের সমন্বয়ে গঠিত। শুধুমাত্র সমৃদ্ধ জীববৈচিত্র্য নয় নান্দনিক সৌন্দর্যের ক্ষেত্রেও সুন্দরবনের জুড়িমেলা ভার। খাঁড়ির কুমির, শুশুক, কাঁকড়া, বিভিন্ন পরিষায়ী পাখি এবং ঘন সবুজ ম্যানগ্রোভ অরণ্য যেকোনো পর্যটককে অবশ্যই আকর্ষিত করবে। কিন্তু ধীরে ধীরে জলবায়ু পরিবর্তন, ব্যাপক পরিমাণে বন উৎপাটন এবং চোরাশিকারী দরুন সুন্দরবন আজ বিলুপ্তির প্রথম একটি অঞ্চলে পরিণত হয়েছে।

জলবায়ুর প্রভাব: সুন্দরবনের ওপর বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের প্রভাব অত্যন্ত চিন্তার বিষয়। সমুদ্র জলতল থেকে অঞ্চলটির উচ্চতা মাত্র ০.৯ থেকে ২.১১ মিটার। প্রতি ১০ বছর অন্তর অন্তর অঞ্চলটির উষ্ণতা ০.৫° সেলসিয়াস হারে বৃদ্ধি পাচ্ছে। ২০১৫ সালের ৩০ শে মার্চ ওয়ার্ল্ড ব্যাংক নির্দেশ করে যে, সুন্দরবন অঞ্চলের জলস্তর প্রতিবছর ৩-৮ মিমি করে বাড়ছে আর এভাবেই চলতে থাকলে সুন্দরবনের ৭৫% অঞ্চল ডুবে যাওয়ার চরম সম্ভাবনা রয়েছে। রাজ্য বনবিভাগের রিপোর্ট অনুযায়ী ২০১১ সালের বন্যা, ক্রমান্বিত

ঘূর্ণিঝড় এবং মানুষের অবিবেচক কাজকর্মের প্রভাবে ২.৫ কোটি গাছ ধ্বংস হয়েছে। এছাড়া বনভূমি ধ্বংস করে চাষাবাদের জমি তৈরি করা হচ্ছে। সমুদ্র জলতল বৃদ্ধির ফলে লোহাচড়া, ঘোড়ামারা, কার্পাস, বোর্ডফোর্ড প্রভৃতি দ্বীপ ধীরে ধীরে জলের তলায় চলে যাচ্ছে। সমুদ্র জলতলের উষ্ণতা বৃদ্ধির কারণে ঘূর্ণিঝড়ের পরিমাণ প্রতি বছর বৃদ্ধি পাচ্ছে যার মধ্যে ২০০৯ সালে ঘটে যাওয়া আয়লার বিতীষিকা স্মরণীয় হয়ে আছে। যার ফলে এক অপূরণীয় ক্ষতি ঘটে যায় সুন্দরবন অঞ্চলে। প্রায় ৪০০ কিমির বাঁধ ভেঙ্গে প্লাবিত হয় বিস্তীর্ণ এলাকা। এছাড়া ২০২০ সালে ঘটে যাওয়া আমফান ঘূর্ণিঝড়ের ফলে সুন্দরবনের ৪০-৯০ শতাংশ সম্পত্তি নষ্ট হয়, ক্ষয়ক্ষতির পরিমাণ মার্কিন মুদ্রায় \$১৩.৫ বিলিয়ন ডলার। এছাড়া ব্যাপক পরিমাণে পানীয় জল এবং কৃষিভূমি ক্ষতিগ্রস্ত হয়। বিগত কয়েক বছরে ৩.৭শতাংশ ম্যানগ্রোভ বনভূমি ধ্বংস হয়েছে সেই সাথে সংকট দেখা দিয়েছে পানীয় জলের | [India Today, published on 2nd June 2020]

সুন্দরবনের কয়েকটি দ্বীপের বর্তমান পরিস্থিতি:

লোহাচড়া বদ্বীপ: মোহনায় অবস্থিত এই দ্বীপটি ২০০৬ সালে সমুদ্র জলতল বৃদ্ধি, উপকূল ক্ষয়, ঘূর্ণিঝড়ের কারণে অবলুপ্ত হয়ে যায়। পূর্বে ছয় হাজার মানুষ বাস করলেও এখন প্রত্যেকেই স্থানান্তরিত হয়ে গেছে।

নিউমুর দ্বীপ: দশ হাজার বর্গমিটার এলাকায় অবস্থিত এই দ্বীপটি হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায় ১৯৭০ সালে গঠিত হয় যা পরবর্তীকালে সমুদ্র জলতলের বৃদ্ধির কারণে ২০১০ সালে ডুবে যায়।

ঘোড়ামারা দ্বীপ: এটি বর্তমানে ৫ বর্গকিমি আয়তন বিশিষ্ট হলেও অতীতে ৮.৫ বর্গকিমি আয়তনের ছিল। প্রবল ঘূর্ণিঝড়ে এবং সমুদ্র তরঙ্গের আঘাতে দ্বীপটির মোট আয়তন এখন এক-চতুর্থাংশে এসে নেমেছে। এখন দ্বীপটির মূল বাসিন্দার মাত্র এক-তৃতীয়াংশ বাস করে।

সুন্দরবনের জীববৈচিত্র: সুন্দরবনের জীব বৈচিত্র অত্যন্ত সমৃদ্ধ। এখানে বিভিন্ন প্রজাতির উদ্ভিদ এবং প্রাণীর সমাগম দেখা যায় যেমন সুন্দরবনে ৩৩৪ টি উদ্ভিদ, ১২০ টি মাছ, ৩৫ টি সরীসৃপ, ২৭০ টি পাখি এবং ৪২ টি স্তন্যপায়ী প্রাণী দেখা যায়।

সুন্দরবনের বিভিন্ন ধরনের উদ্ভিদের মধ্যে উল্লেখ যোগ্য হল সুন্দরী, গড়ান, গেওয়া, ক্যাওড়া, বোড়া, হার, গোজা, বিনা, গোলপাতা, হেঁতাল ইত্যাদি তবে "Heritiena Fomes" এবং "Excoecaria Agallocha" সুন্দরবনের দুটি বৃহৎ প্রজাতি প্রতিকূল পরিবেশের জন্য উদ্ভিদ গুলিতে জরায়ুজ অঙ্কুরোদগম, শ্বাসমূল, ঠেসমূল স্তম্ভ মূল দেখা যায়।



Mangrove Tree

সুন্দরবনের প্রাণী প্রজাতিদের মধ্যে উল্লেখযোগ্য হল রয়েল বেঙ্গল টাইগার, খাড়ির কুমির, কচ্ছপ, বন্য বিড়াল, হরিণ, বার্কিং হরিণ, বগ হরিণ এবং বানর। সুন্দরবনের খাঁড়িগুলি মাছের জন্য বিখ্যাত। এখানে বিভিন্ন ধরনের মাছ যেমন ইন্ডিয়ান গ্রেট ফিস, প্লিম স্ক্যাড, ব্ল্যাক ফিন স্ক্যাড, স্ক্যাটল বেলি, ট্রাভেলি ইত্যাদি দেখা যায়। [Rahaman L.M. (2018), The University of Montara]



The Royal Bengal Tiger



Saltwater Crocodile

অমানবীয় কার্যাবলী: মানুষের অবিবেচক কার্যকলাপের জন্য সুন্দরবনের বুক থেকে চিরতরে নষ্ট হয়ে যাচ্ছে অনন্য সব জীব প্রজাতি। চোরাশিকারের দরুন বিলুপ্তির পথে অগ্রসর হচ্ছে বিভিন্ন উদ্ভিদ ও প্রাণী সম্প্রদায়। ২০২২ সালের সেন্সাস অনুযায়ী বর্তমানে ১০১ টি রয়েল বেঙ্গল টাইগার বা *Panthera Tigris* -এর অস্তিত্ব রয়েছে, অতীতে এদের সংখ্যা ছিল ৩০ হাজারেরও বেশি। ক্রমশ বনভূমি উৎপাদনের ফলে

খাদ্যের অভাব দেখা যাচ্ছে। বিভিন্ন প্রজাতিরদের মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধি পাচ্ছে যার ফলস্বরূপ বিলুপ্ত হচ্ছে বিভিন্ন প্রাণী। "The Daily Star" পত্রিকায় বলা হয়, কৃষি কাজের ফলে ১৭১৫৯ হেক্টর ম্যানগ্রোভ বনভূমি ধ্বংস করা হয়েছে মাত্র ১৯৭৫ থেকে ২০১০ সালের মধ্যে। বিভিন্ন কারণে সুন্দরবনের ভবিষ্যৎ সংকটময়, যথা শিল্প উন্নয়ন, চিংড়ি জলজ পালন অতিরিক্ত প্রাকৃতিক দ্রব্য আহরণ ইত্যাদি। ১৯০৪ সাল থেকে বর্তমান পর্যন্ত সুন্দরবনের মোট অঞ্চলের পরিমাণ ৪৫১ বর্গ কিলোমিটার এসে দাঁড়িয়েছে। বর্তমানে সংরক্ষিত বনভূমি অঞ্চলে শিকারিদের প্রবেশের ফলে বিলুপ্ত হচ্ছে বিভিন্ন প্রাণী, যেমন- জাভান গন্ডার, বন্যমহীশ, সোয়াম্প ডিয়ার ইত্যাদি। এমনই কার্যকলাপ দীর্ঘদিন চললে অদূর ভবিষ্যতে হারিয়ে যাবে সুন্দরবন। [Times of India, published on 24th Nov 2023 & Sundarban Biosphere Reserve, retrieved on 8th Feb 2024]

উপসংহার: ঐতিহ্যময় এই স্থান রক্ষার ক্ষেত্রে মানুষের মধ্যে অবশ্যই সচেতনতা জাগ্রত হওয়া উচিত। অর্থনৈতিক দিক থেকে সুন্দরবনের বর্তমান গুরুত্ব অপরিসীম। কিন্তু অদূর ভবিষ্যতে মানুষের অবিবেচক কার্যকলাপের ফলে হারিয়ে যেতে পারে এই ঐতিহ্যময় স্থান। কিন্তু

একই সঙ্গে ধীরে ধীরে গড়ে উঠছে সুন্দরবন
রক্ষার প্রচেষ্টা। আমাদের উচিত সুন্দরবন ও
এর প্রাকৃতিক সম্পদ রক্ষায় নিজে নিজে
অবস্থান থেকে উদ্যোগী হওয়া।

সূত্রাবলী:

1. Rahaman L.M. (2018), The Sundarban:A
unique wilderness of the world (pp 1-6),
The University of Montara.
- 2.Sundarban Animal (2014), Sundarban
Biosphere Reserve: The Fauna, retrieved on
8 Feb 2024.
3. Times of India (24 nov 2023): The tiger
census set of from Nov 27 1,464 Camera
Traps to Monitor The Big Cats, retrieved on
8 Feb 2024
4. Basu, J. (17 April 2023), Down to Earth:
Sundarban has been slipping in the rank
despite on increased tiger count here's why
eetrived on 8 Feb 2023.



Wind

Taosif Laskar

Semester: 6

Department: Geography

Barasat Government College

Yes, I'm wind,
Nobody can stop me;
Yes, I'm wind,
I don't pay any taxes to go any continent or
ocean;
I'm wind,
I'm so hot when I passes away from the
desert and I am so cool when I passes
over the mountain and polar region;
I'm wind.
I passes away on my own way;
Yes, I'm wind, Sometimes I'm so strong and
in low pressure then I turned on cyclone;
And sometimes when I'm in the equator
there I so calm then these windless area
is called 'Doldrum':
Yes, I'm wind,
I flows over the land and sea without any
break;

Yes, I'm wind,
When I enter the Indian continent from the
bay of bengal side, then I known as
monsoon;
In this time I'm so happy because the Indian
farmers loves me for their
agriculture starts;
Yes, I'm wind,
When I come back to my home from the
Indian north-west himalayan range, then
I'm so wet and too cold, then I'm dedicated
with post-monsoon;
Yes I'm wind and I know people loves me
and I love also plants, animals and people;
Thank you...



সুন্দরবনের হারিয়ে যাওয়া প্রাণীগুলি

গোপাল কুন্ডু

চতুর্থ অর্ধবর্ষ

ভূগোল বিভাগ

বারাসাত গভর্নেন্ট কলেজ

সংক্ষিপ্তসারঃ সুন্দরবন বলতেই আমাদের মনে ভেসে ওঠে সুন্দরী ও ম্যানগ্রোভ গাছে ভরা এক বিশাল বনভূমি। যা মূলত রয়্যাল বেঙ্গল টাইগারের বাসভূমি। এখানে বিভিন্ন প্রজাতির উদ্ভিদ এবং প্রাণী যেমন- খাড়ির কুমির, চিতল হরিণ, বানর, মেছো বিড়াল ইত্যাদি প্রাণী পাওয়া যায়। এছাড়াও অতীতে সুন্দরবনে এমন কিছু প্রাণী ছিল যা আজ সম্পূর্ণ নিশ্চিহ্ন হয়েছে। এরকমই কিছু প্রাণী হলো জাভার গন্ডার, বুনো মহিষ, শূয়োর হরিন, বারশিঙ্গা হরিণ, মগর ইত্যাদি। মানুষের লোভের বশে ও প্রকৃতির প্রতিকূলতায় তারা মুছে গেছে এই অঞ্চল থেকে চিরতরে।

ভূমিকাঃ বঙ্গোপসাগরের উপকূলবর্তী অঞ্চলে অবস্থিত এই সুন্দরবন-জিববৈচিত্রে সমৃদ্ধ এবং একাধিক উদ্ভিদ ও প্রাণী প্রজাতিতে ভরপুর। এমন অপরূপ প্রাকৃতিক অঞ্চলটি আজ মানুষের

অবিবেচক কাজকর্ম ও জলবায়ু পরিবর্তনের ফলে বিনাশের সম্মুখীন।

একসময় সুন্দরবনে গন্ডার দেখা যেত। গন্ডার গুলি ছিল জাভার গন্ডার, যার প্রধান বাসভূমি ছিল জাভা ও সুমাত্রা দ্বীপে। সুন্দরবনের পরিবেশের সাথে এরা অভিযোজিত হয়েছিল। এদের আকার মূলত একশৃঙ্গ গন্ডার অপেক্ষা কিছুটা ছোট ছিল। এদের নিশ্চিহ্ন হওয়ার প্রধান কারণ গুলি হলো স্বাদু জলের অভাব, বাসস্থান ধ্বংস, এছাড়া এদের ত্বক এবং শৃঙ্গের জন্য এদের নির্বিচারে শিকার করা হত। (1)

সুন্দরবনের আরেকটি বিলুপ্ত প্রাণী হলো বুনোমহিষ। একসময় এই মহিষই বাঘের প্রধান খাদ্য ছিল বলে জানা যায়। এই বৃহৎ মহিষগুলি মূলত দীর্ঘ শৃঙ্গযুক্ত হয়ে থাকত। এরা দলবদ্ধভাবে বসবাস করত। বাসস্থান হ্রাসই এদের বিলুপ্তির মূল কারণ ছিল বলে ধরা হয়। সুন্দরবনের বহু জায়গায় এদের হাড় পাওয়া গেছে।

সুন্দরবনের একপ্রকার হরিন ছিল যা শুয়োরে হরিন বলে পরিচিত ছিল। মূলত শুকরের মতো মাথা নীচু করে দৌড়ায় বলে এরূপ নামকরণ ছিল। এই হরিণ গুলি সাধারণ হরিন অপেক্ষা আকারে আরো ছোট ছিল। মূলত অরন্য ধ্বংস করে বাসস্থানের নির্মাণের ফলে এদের বিলুপ্তি ঘটেছে।

আরো একপ্রকার বিলুপ্ত হরিণ হলো বারশিঙ্গা হরিণ। এদের জলাভূমির ধারে দলবদ্ধভাবে দেখা যেত। ফলে এদের সোয়াম্প ডিয়ার বা জলাভূমির হরিণ ও বলা হত। ভারতের অন্যান্য সংরক্ষিত অঞ্চলে বর্তমানে এদের দেখা গেলেও এরা সুন্দরবন থেকে পাকাপাকিভাবে বিলুপ্ত হয়েছে। প্রাকৃতিক বাসভূমির বিনাশ ঘটিয়ে বসতি স্থাপন, কৃষিজমির সম্প্রসারণ করায় এদের বাসস্থানের পরিমাণ কমে গিয়ে আজ এরা চিরতরে এই এলাকা থেকে বিলুপ্ত।

সুন্দরবনের আরো একটি বিলুপ্ত প্রাণী হলো মগর বা ভারতীয় কুমির। এটি আকারে সুন্দরবনের সাধারণ কুমির অপেক্ষা সামান্য ছোট ছিল। বিংশ শতাব্দীর মাঝামাঝিতে অতিরিক্ত শিকারের কারণে সুন্দরবন থেকে এই প্রজাতির কুমিরের বিলুপ্তি ঘটে। (2)

আরো জানা যায়, সুন্দরবনে একসময় ময়ূর দেখা যেত। অতিরিক্ত জোয়ারের প্লাবনের কারণ এবং ঘূর্ণিঝড়ের প্রকোপে এই অঞ্চল থেকে ময়ূর গুলি বিলুপ্ত হয়।

এক সময় সুন্দরবনে ভারতীয় সিংহ পাওয়া যেত বলে জানা যায়। কিন্তু প্রতিযোগিতায় বাঘের সাথে হেরে যাওয়ায়ই এদের বিলুপ্তির মূল কারণ ধরা হয়। সুন্দরবনের বাঘ আসলেই সিংহের চাইতে অধিক হিংস্র এবং শক্তিতে ও অনেক বলবান। তাই সিংহ গুলি অল্প সময়ের ব্যবধানেই বিলুপ্ত হয়। (3)

এছাড়াও বর্তমানে দূষণ ও সমুদ্র তলের উচ্চতা বৃদ্ধিজনিত কারনে ও মানুষের প্রকৃতি বিরোধী কাজকর্মের ফলে বেশ কিছু প্রজাতির বিলুপ্তি ঘটেছে, এগুলি হলো- সামুদ্রিক কচ্ছপ, কয়েক প্রজাতির ভোঁদর, কয়েক প্রজাতির বনবিড়াল ও কাঁকড়া, চিতা এবং বেশ কয়েক প্রজাতির মাছও পাখি। দুঃখের বিষয় রয়্যাল বেঙ্গল টাইগার ও আজ বিলুপ্তির পথে।

উপসংহারঃ সুন্দর বনের প্রাণীদের বিলুপ্তির জন্য প্রাকৃতিক কারণ অপেক্ষা মনুষ্যসৃষ্ট কারণই বেশি। এখনও সচেতন না হলে বিলুপ্তির তালিকায় আরো বহু প্রাণী

নিজেদের নাম লেখাবে। আর কিছুদিন পরেই হয়তো রয়্যাল বেঙ্গল টাইগারকেও শুধুমাত্র বইয়ের পাতাতেই দেখা যাবে বিলুপ্ত প্রাণী হিসেবে। একমাত্র আমাদের সদিচ্ছা এবং সচেতনতাই পারে ওদেরকে বিলুপ্তির হাত থেকে রক্ষা করতে।

তথ্যসূত্র:

1. Islam, M. (2013, June 17). [Biodiversity of Sundorban]. Bangla News 24. <https://www.banglanews24.com>
2. Jana, S. K. (2021, February 8). [Sundorban]. Somoy Updates. <https://www.somoyupdates.com>
3. Dutta, S. (3rd January, 2013). [Sundorboner prani] News18 Bangla. <https://bengali.news18.com>



South Asia's Brown Clouds: A Growing Climate Crisis

Riyanka Paul

SEMESTER: 6

Department: Geography

Barasat Government College

● **Introduction:** The South Asian Brown Cloud: A Looming Haze Over the Subcontinent. Every year, from late autumn to early spring, a vast, murky haze stretches across much of South Asia. Spanning from Pakistan across northern India to Bangladesh and beyond, this massive layer of polluted air-known as the South Asian Brown Cloud is one of the region's most pressing environmental challenges. Composed of soot, dust, industrial pollutants, and smoke from crop burning, this cloud not only dims the skies but also endangers the health of over a billion people. It disrupts rainfall patterns, accelerates glacier melt in the Himalayas, and contributes to both local and global climate change.

● What Are Brown Clouds?

Brown clouds are dense layers of air pollution made up of soot, dust, ash, and

harmful gases. Their signature brown hue comes from the sunlight scattering off these particles, particularly black carbon and other pollutants. They often form over densely populated, industrially active areas and can stretch for hundreds of kilometers. This phenomenon is especially notorious in parts of South and East Asia. The Asian Brown Cloud, first brought to global attention in the early 2000s, is a massive haze that blankets countries like India, China, and surrounding regions during certain seasons. Similar clouds can be found over Africa, the Middle East, and even urban centers in developed nations.




Fig. 1 Asian Brown Cloud

● Where Do They Come From?

The South Asian Brown Cloud is caused by a mix of man-made (anthropogenic) and natural sources, though human activities are the dominant factor.

● Man-Made Sources:

1. Biomass and Crop Residue Burning Farmers burn leftover crop stubble (especially in India and Pakistan), releasing large amounts of smoke, soot (black carbon), and harmful gases.

2. Vehicle Emissions Rapid urbanization and outdated vehicles emit carbon monoxide, nitrogen oxides, and particulate matter into the atmosphere.

3. Industrial Emissions Factories, brick kilns, and coal-fired power plants release pollutants like sulfur dioxide and black carbon, often without effective filtering systems.

4. Use of Solid Fuels in Households In rural and peri-urban areas, people use firewood, cow dung, and coal for cooking and heating, contributing to both indoor and outdoor pollution.

5. Waste Burning: Open burning of municipal and plastic waste is common and releases toxic fumes and fine particles.




Fig. 2 Sources of Brown Cloud

● Natural Sources:

1. Desert Dust: Dust storms from arid regions like the Thar Desert (India-Pakistan border) and the Arabian Peninsula contribute mineral dust to the atmosphere.

2. Sea Salt Aerosols: Winds over the Indian Ocean carry salt particles inland, though their contribution is relatively minor compared to human-made sources.

3. Forest Fires (Natural): In rare cases, naturally occurring forest fires can contribute to regional haze, though most are now linked to human activity.

While natural sources play a role, over 75-90% of the South Asian Brown Cloud's pollutants are anthropogenic—highlighting the urgent need for cleaner technologies, stricter regulations, and public awareness.

● Impact of the South Asian Brown Cloud:

The South Asian Brown Cloud casts more than just a visual shadow it brings far-reaching consequences for health, climate, agriculture, and water systems across the region.

1. Health Impact:

Respiratory and Cardiovascular Illnesses: The cloud contains fine particulate matter (PM_{2.5} and PM₁₀), which can penetrate deep into the lungs and bloodstream, increasing the risk of asthma, bronchitis, lung cancer, heart disease, and strokes.

Premature Deaths: Air pollution in South Asia is linked to over a million premature deaths annually, according to the World Health Organization (WHO).

Children at Risk: Young children are especially vulnerable, with exposure affecting lung development and increasing the risk of long-term chronic disease.

2. Climate Change:

Regional Warming and Cooling Effects:

Black carbon absorbs sunlight, warming the atmosphere, while other particles like sulfates reflect sunlight, causing surface cooling. This creates a complex and uneven impact on regional climate.



Fig. 2 Effect of Asian brown cloud

Glacier Melting: Soot from the brown cloud settles on Himalayan glaciers, darkening their surface and accelerating ice melt, threatening the water supply for millions downstream.

Monsoon Disruption: The cloud can alter the timing, strength, and distribution of the South Asian monsoon, leading to irregular rainfall and extreme weather events.

3. Agriculture:

Reduced Crop Yields: Solar dimming caused by the haze decreases photosynthesis, limiting crop productivity especially for sun-reliant crops like rice and wheat.

Delayed or Unpredictable Rainfall:

Unstable monsoon patterns can lead to droughts or floods, disrupting planting and harvest cycles and threatening food security.

4. Water Resources

Snow and Ice Loss: Enhanced melting of snow and ice in the Himalayas affects major rivers like the Ganges, Brahmaputra, and Indus.

Water Shortages: Altered precipitation and glacial melt patterns could cause seasonal water shortages for agriculture, drinking, and hydropower.

5. Economic Impact

Health Costs: Rising illnesses lead to increased healthcare expenses and reduced worker productivity.

Agricultural Losses: Reduced yields affect rural incomes and food markets.

Disaster Recovery: More frequent floods, heatwaves, and droughts require costly disaster response and recovery efforts.

Present Scenario of the South Asian Brown Cloud:

The South Asian Brown Cloud continues to pose a significant environmental and public health challenge in 2025, particularly across India, Pakistan, Bangladesh, Nepal, and surrounding regions. Despite growing awareness and some policy interventions, the haze remains a persistent issue due to ongoing pollution from agriculture, transportation, industry, and urban development.

1. Seasonal and Regional Persistence:

- The brown cloud is most visible during October to March, when cooler temperatures, dry weather, and crop burning intensify pollution levels.

- Northern India, including the Indo-Gangetic Plain, remains one of the most affected areas, with major cities like Delhi, Lahore, and Dhaka frequently experiencing air quality crises.

2. Increased Monitoring and Awareness:

- Governments have improved air quality monitoring and introduced public alert systems, especially in urban areas.

- National programs like India's National Clean Air Programme (NCAP) aim to reduce PM_{2.5} and PM₁₀ levels by 20-30% by 2026 in over 130 cities.

3. Policy and Technological Measures:

- Ban on stubble burning has been enforced in several Indian states, though compliance remains low due to lack of alternatives for farmers.

- There is a gradual shift towards cleaner fuels, electric vehicles, and renewable energy, but implementation is uneven.

- International cooperation has increased, with cross-border initiatives under UNEP and SAARC to address transboundary pollution.

4. Climate and Health Impacts Still Rising

- The brown cloud continues to influence monsoon patterns, glacial retreat, and heatwave intensity, all of which are worsening under global climate change.

- Respiratory illnesses and pollution-linked deaths are still on the rise, particularly in children and the elderly.

5. Public Pressure and Legal Action:

- Public concern over air pollution is growing, leading to legal interventions such as Supreme Court mandates in India for cleaner fuels and emissions controls.

- However, enforcement remains a major challenge, especially in rural and peri-urban areas.

Conclusion:

The South Asian brown clouds represent a complex environmental challenges with far-reaching consequences for climate, agriculture, and human health. Their persistence underscores the urgent need for coordinated action across national borders. By investing in clean technologies, enforcing pollution controls, and raising public awareness, South Asia can begin to clear its skies and protect both people and ecosystems for generations to come.

References:

1. Upadhyay. S. M, (2019), ABC (Asian Brown Cloud): Wafture of intensive air pollution, Everyman's Science.

2.Ramanathan. V, Roberts. G (2007)

Warming trends in Asia amplified by brown
cloud solar absorption, Nature
Publishing Group.



সুন্দরবনবাসীর জনজীবন


কল্লোলিকা মন্ডল

চতুর্থ অর্ধবর্ষ

ভূগোল বিভাগ

বারাসাত গভর্নেন্ট কলেজ

আজ থেকে প্রায় এক লক্ষ বছর আগে দক্ষিণ ও দক্ষিণ পূর্ব এশিয়ার সমগ্র অঞ্চল জুড়ে ছিল গভীর জঙ্গল। আনুমানিক ৭০ থেকে ৮০ হাজার বছর আগে এই এলাকায় আদিবাসী গোষ্ঠীর মানুষ জঙ্গল কেটে বসবাস করতে শুরু করলে জঙ্গলের আয়তন সংকুচিত হতে থাকে। সুপ্রাচীন এই জঙ্গলের অবস্থান ছিল প্রশান্ত মহাসাগর ও বঙ্গোপসাগরের উপকূলবর্তী এলাকা।



প্রাকৃতিক কারণে উপকূলের এই জঙ্গল ক্রান্তীয় অরণ্য থেকে ম্যানগ্রোভ অরণ্যে পরিণত হয়। এই

অরণ্যের উদ্ভিদ দিনের একাধিকবার সমুদ্রের লবণাক্ত জলে নিমজ্জিত থাকে। দক্ষিণ ও দক্ষিণ পূর্ব এশিয়ার বিশাল জঙ্গলের বিলুপ্তপ্রায় অংশগুলির মধ্যে সুন্দরবন হলো একটি অন্যতম ম্যানগ্রোভ অরণ্য। বাংলাদেশের দক্ষিণাঞ্চল ও ভারতের পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার এলাকাজুড়ে বিস্তৃত এই অঞ্চল বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্য নামে পরিচিত। বাংলাদেশের দক্ষিণাঞ্চলের ৬০ শতাংশ ও পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা জেলার চল্লিশ শতাংশ এলাকা জুড়ে বিস্তৃত এই অরণ্যের আয়তন ১০ হাজার বর্গ কিলোমিটার। বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্য সুন্দরবনের নামকরণ নিয়েও নানা মতামত রয়েছে, অনেকে মনে করেন সুন্দরী নামক গাছের নাম অনুসারে জঙ্গলটির নাম সুন্দরবন। এখানকার প্রধান প্রাণী রয়েল বেঙ্গল টাইগার।



প্রাণীটির রাজকীয় চেহারা (কালো হলুদের ডোরা কাটা দাগ) জন্য ১৯৭৩ সালে এই প্রাণীটাকে ভারতের জাতীয় পশু হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। এছাড়া অন্যান্য প্রাণীর মধ্যে আছে চিতল হরিণ, খাঁড়ির কুমির, মাছরাঙ্গা, গোসাপ প্রভৃতি। প্রায় পঞ্চাশ হাজার বছর আগে থেকেই এই এলাকায় মানুষ বসবাস করতে শুরু করে। সুন্দরবন নামটা শুনে সেখানকার প্রাকৃতিক দৃশ্য সুন্দর মনে হলেও সেখানে বসবাসকারী প্রান্তিক মানুষের জীবনযাত্রা অতটাও সুন্দর নয়। প্রতিটা মুহূর্তে জীবনের সাথে সংগ্রাম করে তাদের বেঁচে থাকতে হয়।

প্রাকৃতিক ও আর্থিক দুটো দিক দিয়ে তারা সমানভাবে বিপর্যস্ত। প্রাকৃতিক প্রভাবগুলির মধ্যে অন্যতম হলো প্রতি বছর বঙ্গোপসাগরে সৃষ্টি হওয়া একাধিক ঘূর্ণিঝড় সুন্দরবনের উপকূলবর্তী অঞ্চলে আছড়ে পড়ে। যেমন ২০০৯ সালের ঘূর্ণিঝড় আয়লার প্রভাবে প্রায় সুন্দরবনের ৫০ শতাংশের বেশি মানুষের জীবনযাত্রার বিঘ্নিত হয়। তার কয়েক বছর পর ২০১৯ সালের বুলবুল নামক ঘূর্ণিঝড় ও তারও এক বছর পর ২০২০ সালের ১৬ই মে আশ্বান ঘূর্ণিঝড় প্রবল ঘূর্ণিঝড় সুন্দরবনে আঘাত হানে। এর পাশাপাশি এই এলাকার নদী বাঁধ গুলি খুবই দুর্বল। ঘূর্ণিঝড়ের জলোচ্ছ্বাস ও অমাবস্যা পূর্ণিমার সময় ভরা কোটালের ফলে নদীর জলস্তর বৃদ্ধি পায় এবং দুর্বল নদী বাঁধ ভেঙে যায়। যার ফলে সুন্দরবনবাসীর মাটির তৈরি কাঁচা বাড়ি ও চাষের জমির প্রচুর ক্ষতি হয়।



মানুষ প্রাণ বাঁচানোর তাগিদে এলাকায় নির্মিত ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রে গিয়ে আশ্রয় নেয়। প্রতিবছর নদীর বাঁধ ভাঙ্গন, ঘূর্ণিঝড় প্রভৃতির কারণে চাষের জমিগুলোতে ফসল ভালো উৎপন্ন হয় না। ফলে বেশিরভাগ মানুষ মৎস্য চাষ করাকে প্রধান জীবিকা হিসেবে বেছে নিয়েছে। তবে পর্যাপ্ত পরিমাণ জমি না থাকার কারণে তারা ভেড়ির মাধ্যমে মৎস্য চাষ করতে পারেনা। তার জন্য তারা নদীতে মৎস্য শিকার করে। সুন্দরবনের বিভিন্ন নদী যেমন মাতলা, কালিন্দী, রায়মঙ্গল, গোসাবা, সপ্তমুখী, বিদ্যাধরী, ইছামতি প্রভৃতি নদীগুলিতে চিংড়ি মাছ, পারসে, লোটে, আমোদি, টেংরা, কাঁকড়া শিকার করে। আবার অনেকেই সুন্দরবনের গভীর জঙ্গলের ছোট ছোট খাল, খাঁড়ি গুলিতে নৌকা করে চিংড়ি কাঁকড়া সংগ্রহ করে। এর পাশাপাশি কিছু মানুষ বছরের একটি নির্দিষ্ট সময়ে সুন্দরবনের মৌমাছির মধু আহরণ করে থাকে। এই পেশাটি খুবই বিপদজনক। কারণ এই অভিযানের প্রতি পদক্ষেপে থাকে সুন্দরবনের রয়েল বেঙ্গল টাইগারের আক্রমণের আশঙ্কা। তবে এই আক্রমণের হাত থেকে নিজেদের রক্ষা করার জন্য সুন্দরবনের মধু শিকারীরা একটি পদ্ধতি অবলম্বন করে। কারণ বাঘ ও সিং এর মত প্রাণীর তাদের দিকে কেউ তাকিয়ে থাকলে তারা সাধারণত হামলা চালায় না, সাধারণত শিকারের পেছন থেকে

আক্রমণ করে। সেই কারণে মধু শিকারীরা তাদের মাথার পেছনে একটি মুখোশ পরে থাকে।



তবে এই সমস্ত পদ্ধতি অবলম্বন করা সত্ত্বেও প্রায় প্রতিবছর বাঘের আক্রমণ একাধিক মানুষের মৃত্যু ঘটে। তবুও সুন্দরবনের মানুষ জীবনকে বাজি রেখে জঙ্গল থেকে গরান, গঁওয়া, হোগলা, গোলপাতা, কেওড়া প্রভৃতি কাঠ সংগ্রহ করে থাকে। শুধুমাত্র জীবনযাত্রার তাগিদে।



তবে বর্তমানে সুন্দরবনের এলাকার পার্শ্ববর্তী গ্রামগুলিতে বাক্সে মধু তৈরি বন্দোবস্ত করা হয়েছে (প্রসঙ্গক্রমে- সুন্দরবনের মৌবন মধু বর্তমান GI ট্যাগ

প্রাপ্ত)। সুন্দরবনবাসী তাদের ধর্মীয় বিশ্বাস অনুযায়ী বাঘের আক্রমণ থেকে রক্ষা পাওয়ার জন্য মা বনবিবির পূজা করে থাকে। এই পূজা হিন্দু-মুসলিম উভয় সম্প্রদায়ের মানুষ করে থাকে। তবে বর্তমান সরকারের তৎপরতায় জঙ্গল লাগোয়া এলাকায় নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। তবে আজও সুন্দরবনের মানুষ উন্নত জীবনযাত্রা থেকে অনেক পিছিয়ে সেখানে কোন ভালো স্কুল কলেজ হাসপাতাল নেয়। পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা অনেক অনুন্নত। আজও তারা যাতায়াতের মাধ্যম হিসেবে নৌকা বা ভটভটি ব্যবহার করে, যেটা অনেক সময় সাপেক্ষ।

এই অঞ্চলের অধিকাংশ গ্রামে এখনো বিদ্যুৎ পরিষেবা পৌঁছায়নি। সুন্দরবনের অঞ্চলের আরেকটা সমস্যা হল জল সংকট। বিশুদ্ধ পানীয় জল সংগ্রহের জন্য তাদের অনেকদূর পর্যন্ত যেতে হয়। তবুও বর্তমান সময়ের চোখে চোখে রেখে তারাও আশাবাদী কোন একদিন সমাজের মূল স্রোতের সাথে মিশে উন্নতির চরম শিখরে পৌঁছাবে।



Life Lines Of India

Sristi Bose

Semester: IV

Department: Geography

Barasat Government College

INTRODUCTION: India is a country rich in culture and natural beauty. It has mountains, sea beaches, deserts, forests, beautiful rivers and many more. In India every nature element has its own story and importance. The beautiful rivers, which have formed a fluid pattern all over India, are very involved in Indian life style. Indian economy, history, literature, religion in everything, rivers have a huge impact. This water bodies are as important as the veins in human body so they are called THE LIFE LINE OF INDIA. In India we have both perennial and non perennial rivers. Both are equally important for Indian life but however their regional importance is more intensive. While discussing about the rivers we have listed the most essential ones.

➤ **GANGA:** Ganga is the longest perennial river of India. It has a length of 2510 km of which 2071km flows through India. The river has a huge importance in Indian economy and religious context.

☸ **ORIGIN:** Ganga originates from the Gomukh cave in the far Gangotri glacier and has jumped into the salty Bay Of Bengal through the Sundarbans at the end. But in Hindu mythology it is said that it originates from Lord Shiva's clotted hair (which is called JATA).

☸ **RELIGIOUS VALUE:** Though this mythological descriptions are controversial, in Hinduism Ganga is adored as the goddess of 'PURITY'. They believe a bath in the Ganga will wash away all the sins of mind. Even in Hinduism, after cremation the ashes are thrown into the river Ganga for salvation. They called her 'DEVI GANGA' or 'MAA GANGA' because people believe she is as pure as a mother.

☸ **SETTLEMENTS BESIDE GANGA:** The ganga river passed through Uttarakhand, Uttar Pradesh, Bihar, West Bengal and Jharkhand. Some major cities beside ganga are Haridwar, Rishikesh, Kanpur, Allahabad, Kolkata, Varanasi etc. Among all Rishikesh, Haridwar and

Varanasi have special religious importance. Kanpur is famous for industrial work.

☸ **TRIBUTARIES:** The tributaries of Ganga are Yamuna, Ghaghara, Sone, Chambal, Kosi, Gomti etc.

☸ **ECONOMICAL IMPORTANCE:** Gangetic Delta is the largest delta in the world. This delta and the plain land beside the river have perfect conditions(soil, climate, water source) for agriculture. West Bengal and Uttar Pradesh ranked first and second respectively in all over India rice cultivation. This area is rich in industrial work and is developed in water transport. This area is important for internal and international trade. This area has a dense population.

➤ **GODAVARI:** Godavari is the second longest river of India. It has a length of 1465 km. It is a south-east facing river. This river is as important as Ganga in the north. Southern states, their people, their life (both religiously and economically) are depended on this river's trajectory. So for its massive role in 'DAKSHIN BHARAT' it is called 'DAKSHIN GANGA'.

☸ **ORIGIN:** Godavari originates from the mountains of Trimbakeshwar in the Nashik district of Maharashtra and falls into the Bay of Bengal at the end. But Hindu mythology says that there was a saint named Goutam who performed penance to

lord Shiva at Trimbakeshwar as an atonement for his sins. Satisfied by penance Lord Shiva ordered Ganga to flow over rishi Goutam to wash all his sins and thus Ganga appeared at south and named GODAVARI.

☸ **RELIGIOUS VALUE:** There are many pilgrimage beside river Godavari which are very famous for their religious importance for centuries. The most known ones are Trimbakeshwar Jyotirlinga, Panchavati etc. There is a statue of Devi Godavari at Gangadwar Trimbakeshwar. After every twelve years the Pushkar fair is held on the banks of the river. Every year thousands of people bathe in the Godavari river for its auspicious benefits.

☸ **SETTLEMENTS BESIDE GODAVARI:** River Godavari passed through Maharashtra, Telangana, Andhra Pradesh, Chhattisgarh, Odisha etc. Some major cities beside Godavari are Rajahmundry, Nasik, Paithan, Kotipalli etc.

☸ **TRIBUTARIES:** The major tributaries of Godavari are Pravara, Purna, Manjra, Penganga, Wainganga, Wardha, Indravati etc.

☸ **ECONOMICAL IMPORTANCE:** Duduma and Chitrakoot water falls are on river Godavari. For their natural beauty this area is famous in

tourism. There are several bridges over river Godavari which are very important for transport. Many dams are there which are very use full in generating hydroelectricity, agriculture, drinking water supply, flood prevention. Godavari river basin is rich in mineral deposits like oil, gas, coal, iron, limestone, manganese etc. So the economic value of this area is very high.

➤ **BRAHMAPUTRA:** Brahmaputra is another important river of North India. It have a length of 2900km. In Sanskrit BRHMAPUTRA means ‘Lord Bramha’s son’. Like every river it also have positive values but it’s also known for it’s flood prone nature.

🌀 **ORIGIN:** Brahmaputra originates from Chemayungdung glacier near Manas lake in Tibet. This river enters India as Dihing. Later when Dibang and Lohit meets Dihing it became Brahmaputra and flows through assam. This river also have it’s mouth in the Bay Of Bengal. But in KALIKA PURAN it is said that Vishnu’s incarnation Parasuram got salvation of his sins when he went to Brahmakunda. So he cut the fringe of the pond for the welfare of mankind and Brahmaputra was born.

🌀 **RELIGIOUS VALUE:** As every river in India Brahmaputra also has religious importance but comparing with others it’s religious value is not very

intensive. But in the north side of India and in Tibet this river is the symbol of purity. It is the only male river in Hinduism. This river also has significance in Buddhism.

🌀 **SETTLEMENTS BESIDE BRAHMAPUTRA:** Brahmaputra passed through Arunachal Padesh and Assam in India. Some major cities beside this river are Dibrugarh, Guwahati, Tezpur, Jorhat etc.

🌀 **TRIBUTARIES:** Some major tributaries of Brahmaputra are Lohit, Manas, Teesta, Buri Dihing, Subansiri etc.

🌀 **ECONOMICAL IMPORTANCE:** India’s first railway/roadway bridge is across Brahmaputra. It has formed the largest river island Majuli. In the down stream it has also contributed in forming Gangetic delta. But this river causes heavy flood in it’s mountain flow specially in Assam.

➤ **INDUS:** Another important river of India with a length of 2880 km of which 709 km flows through India. It is also known as SINDHU river.

🌀 **ORIGIN:** Indus originates from the northern slope[s of Kailash range in Tibet and has it’s mouth in Arabian Sea.

🌀 **SETTLEMENTS BESIDE INDUS:** Indus enters Indian Territory in

Jammu and Kashmir. In India the basin spreads over states of Jammu & Kashmir, Himachal Pradesh, Panjab etc. Some major cities beside Indus are Chandigarh, Srinagar, Shimla, Ambala, Bikaner etc.

☸ **TRIBUTARIES:** The major tributaries of Indus are Jhelum, Chenab, Ravi, Satluj etc.

☸ **IMPORTANCE:** This river has a special importance in the history of the evolution of human civilization. As it is located in the border region of India and Pakistan, It has special importance in Indian politics. India has signed Indus Water Treaty in 1960 for the distribution of the usage of water between India and Pakistan. This river has developed the agriculture, industrial work in the north-west part of India. Mostly the industries are based on products like textile, woolen, sugar, oil, paper and agricultural equipments. There are several Hydroelectric plants in the river basin of Indus .

CONCLUSION: Though all the rivers of India are called the life lines we are not conscious about river conservation. Our way of using this precious wealth is increasingly polluting the rivers. It is causing river erosion, increasing number of flood each year, lack of drinking water etc. So as like NAMAKI GANGA project, we need more river conservation projects to ensure the long life of the fluid wealth as well as the nation India.

REFERENCES: indus_up_to_border - INDIA WRIS WIKI , Ganges River Basin, Know Everything About Godavari River: Origin, Interesting Facts and Tourist Attractions, <https://indiawris.gov.in/wiki/doku.php?id=brahmaputra>



বিলুপ্তির অন্ধকারে সুন্দরবনের রয়্যাল বেঙ্গল টাইগার

নাফিসা খাতুন

চতুর্থ অর্ধবর্ষ

ভূগোল বিভাগ

বারাসাত গভর্নেন্ট কলেজ

সুন্দরবনে বাঘ ধীরে ধীরে বিলুপ্তির পথে এগিয়ে চলেছে এর পিছনে বিভিন্ন কারণ বর্তমান। যেমন - আবহাওয়ার পরিবর্তন, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি এছাড়াও বিভিন্ন চোরাচালানকারী সহ বিভিন্ন পরিবেশ দূষণ জনিত কারণে বাসস্থানের অভাবেই রয়্যাল বেঙ্গল টাইগারের বিলুপ্তি ঘটতে পারে বলে বিজ্ঞানীরা জানিয়েছেন। বাসস্থান সংকটের কারণে সম্ভাব্য বিলুপ্তপ্রায় 5000000 প্রজাতির স্থলজ প্রাণীর মধ্যে বাংলার বাঘের নামটি ও রয়েছে জাতিসংঘের প্রকাশিত একটি তালিকায়। অতএব সুন্দরবনের বাঘের সংরক্ষণের জন্য সরকার কে যথাযথ ব্যবস্থা নেওয়ার পাশাপাশি সম্প্রদায় গুলির মধ্যে সচেতনতা বাড়ানোও প্রয়োজন।

আধুনিকতার ভিড়ে ঐতিহ্যের হারিয়ে যাওয়াটা নতুন নয়, বেশিরভাগ ক্ষেত্রেই মেনে নেওয়া যায় না এমনও নয়, কিন্তু এই হারিয়ে যাওয়া ঐতিহ্য যদি কোনো প্রাণী হয়

খুঁজে বার করে শাস্তি দিলেও কিন্তু ক্ষতিপূরণ সম্ভব নয়। এরপরও বিশ্ব জুড়ে বিভিন্ন প্রাণীর বিলুপ্তি ঘটেছে। বিশ্বের সর্ববৃহৎ ম্যানগ্রোভ বন সুন্দরবন। অসংখ্য নদী, খাল, খাঁড়ি মাকড়সার জালের মতো ছড়িয়ে ছিটিয়ে আছে সুন্দরবন জুড়ে। আর বর্ষার ফলার মতো দেখতে শ্বাসমূল মাটি ভেদ করে বেরিয়ে আছে যত্রতত্র সবখানেই। আর আশ্চর্যজনক ভাবে এমন বিরূপ পরিবেশে রয়্যাল বেঙ্গল টাইগার তার অস্তিত্ব টিকিয়ে রেখেছে। তবে বর্তমানে বিভিন্ন কারণে বাঘের অস্তিত্ব সংকটাপন্ন। বিগত 12 বছরে সুন্দরবনে বাঘের মৃত্যুর হার অস্বাভাবিক ভাবে বেড়েছে। তবে বাঘের অস্তিত্ব টিকিয়ে রাখতে বর্তমানে সরকার থেকে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।



বাঘ একটি অনন্য প্রাণী যা একটি বাস্তুতন্ত্রের স্বাস্থ্য এবং বৈচিত্র্যের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে)

সুন্দরবন হলো বঙ্গোপসাগরে গঙ্গা, ব্রহ্মপুত্র এবং মেঘনা নদীর মোহনা দ্বারা গঠিত বদ্বীপের একটি ম্যানগ্রোভ এলাকা। এটি বাংলাদেশের খুলনার বালেশ্বর নদী থেকে পশ্চিমবঙ্গ রাজ্যের হুগলি নদী পর্যন্ত বিস্তৃত। এটি উন্মুক্ত ম্যানগ্রোভ বন। কৃষিকাজে ব্যবহৃত জমি এবং অনুর্বর জমি নিয়ে গঠিত। সুন্দরবনের চারটি সংরক্ষিত এলাকা ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইট হিসাবে তালিকাভুক্ত করা হয়েছে।

বাংলাদেশ ও ভারত জুড়ে 4000 বর্গমাইল বিস্তৃত পৃথিবীর সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন সুন্দরবন, শত শত প্রজাতির পাখি ও প্রাণীর খাদ্য, বাসস্থানের যোগান দেয় এই বন।



(সুন্দরবনের ভৌগোলিক অবস্থান)

অস্ট্রেলিয়ান ও বাংলাদেশি 10 জন বিজ্ঞানীর প্রকাশিত একটি জার্নাল 'সায়েন্স অফ দ্যা টোটাল এনভায়রনমেন্ট' - বলা

হয়েছে, সুন্দরবনের প্রায় 70 ভাগ অংশ সমুদ্রপৃষ্ঠের চেয়ে মাত্র কয়েক ফুট উপরে রয়েছে। বৈশ্বিক উষ্ণায়নের ফলে খুব অল্প সময়ের মধ্যেই এই বনের রাজা রয়্যাল বেঙ্গল টাইগার পুরোপুরি বিলুপ্ত হতে পারে বলে বিজ্ঞানীরা আশঙ্কা করছেন।

2010 সালের 'ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচার' - এ প্রকাশিত একটি গবেষণায় বলা হয়েছে যে, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা 11 ইঞ্চি মত বাড়লে কয়েক দশকের মধ্যেই সুন্দরবনের বাঘের সংখ্যা প্রায় 96 শতাংশ কমে যাবে।

আবহাওয়ার পরিবর্তনের ফলে পরিবেশ তথা বাসস্থান ও খাদ্য সংস্থান এর বিভিন্ন পরিবর্তনের মাত্রা বৃদ্ধির কারণে বাংলাদেশীও সুন্দরবনের বাঘের সংখ্যা কমে যাওয়ার সম্ভবনা আরও বেশি রয়েছে বলে গবেষণায় বলা হয়েছে।

